

ন্যাপি থেকে ফুসকুড়ি, লাল ফুসকুড়ি ও শুষ্ক স্বক



অনায়সে চিকিৎসা করার মত একটি প্রচলিত সমস্যা

শিশুদের শুরুতে ফুসকুড়ি হওয়া স্বাভাবিক ব্যাপার যেহেতু তাদের স্বক একটি আলাদা পরিবেশের সাথে মানিয়ে নিচ্ছে। আপনার শিশুর ফুসকুড়ি হলে এবং তাকে অসুস্থ দেখালে আপনার জিপির সাথে যোগাযোগ করুন। অধিকাংশ ফুসকুড়ি চিন্তার কারণ নয় কিন্তু মেনিনজাইটিসের লক্ষণগুলির উপর নজর রাখবেন (পৃষ্ঠা 26 দেখুন)।

ন্যাপি থেকে ফুসকুড়ি

ন্যাপি থেকে ফুসকুড়ি হল অতি প্রচলিত ঘটনা যা বহু শিশুর হতে পারে। এটা সাধারণত হয় যখন আপনার শিশুর স্বক তাদের ন্যাপিতে জমা হিসি ও মলের সংস্পর্শে আসে। ন্যাপি র্যাশের দরুন আপনার শিশুর স্বক টাটিয়ে ওঠে।

অধিকাংশ ন্যাপি থেকে ফুসকুড়ি সরল স্বকের যত্ন নিয়ে এবং ফার্মাসিস্টের কাছ থেকে নেওয়া একটি মলম দিয়ে চিকিৎসা করা যায়। ন্যাপি থেকে হালকা ফুসকুড়ি হলে আপনার শিশু খুব বেশি অস্বস্তিবোধ করবে না।

শুষ্ক স্বক

শিশুর স্বক পাতলা তাই বাড়তি যত্ন নিতে হয়। শুষ্ক, চিলতে ওঠা স্বক, কিছু দাগ, জরুল এবং সামান্য ফুসকুড়ি সাধারণত সদ্যোজাতদের থাকে যা স্বাভাবিকভাবে চলে যাবে। আপনার শিশু সুস্থ কিন্তু তার ফুসকুড়ি আছে এবং তারজন্য আপনি চিন্তিত হলে আপনার স্বাস্থ্যকর্মীর সাথে যোগাযোগ করুন।

1.

ন্যাপির জায়গায় একটি লাল, টাটানো ফুসকুড়ি আছে। শিশু স্বচ্ছন্দ নয় এবং প্রচুর কাঁদছে।

2.

শিশুর কী অনেকক্ষণ নোংরা ন্যাপি লাগানো ছিল? আপনি কী আপনার স্বাস্থ্যকর্মীর পরামর্শ অনুসরণ করেছেন, বা আপনার ফার্মাসিস্টের সাথে কথা বলেছেন?

3.

ঘনঘন ন্যাপি পাল্টান। আপনার স্বাস্থ্যকর্মীর সাথে কথা বলুন এবং আপনার উদ্বেগ থাকলে আপনার জিপির সাথে কথা বলুন।

ফার্মাসিষ্টের পরামর্শ

আমাদের কাছে আসুন এবং মলমের বিষয়ে কথা বলুন যেগুলি আমরা বিধান ছাড়া দিতে পারি।

দুই রকমের ন্যাপি ক্রিম পাওয়া যায়। একটি হল ব্যারিয়ার ক্রিম যেটা আপনার শিশুর স্বক ভিজতে দেয় না। অন্যটি হল ওষুধযুক্ত ক্রিম যেটা ব্যথা সারানোর জন্য ভাল কিন্তু সেটা কেবল স্বাস্থ্যপেশাদারের পরামর্শে ব্যবহার করা যাবে।

ফ্রেডেল ক্যাপের জন্য স্বাস্থ্যকর্মীর সুপারামর্শ

আপনার শিশুর মাথার তালুতে যে বড় বড় চটচটে হলুদ বা বাদামী আঁশ দেখা দেয় তাকে বলা হয় ফ্রেডেল ক্যাপ। অনেক সময় সেগুলির চিলতে উঠতে পারে এবং স্বক লাল হয়ে যেতে পারে। এরজন্য আপনার শিশুর অস্বস্তি হওয়া উচিত নয় এবং কিছুদিনের মধ্যে এটা ঠিক হয়ে যাওয়া উচিত। আঁশগুলি খুটবেন না কারণ তা থেকে সংক্রমণ হতে পারে।

বেবি অয়েল বা প্রাকৃতিক তেল দিয়ে মালিশ করা - যেমন আমন্ড বা অলিভ অয়েল - তাদের তালুর উপরে রাত্রিবেলা লাগালে সেগুলি আলগা হতে সাহায্য করবে।

আলতোভাবে মাথার তালু ধুয়ে দিন এবং নরম বেবি ব্রুশ বা কাপড় দিয়ে আলাতো করে আলগা আঁশগুলি তুলে ফেলুন।

এতে না সারলে, লালচেভাবছড়িয়ে পড়লে বা আপনার শিশু চুলকালে ডাক্তারি পরামর্শ নিন।

ন্যাপি র্যাশের জন্য স্বাস্থ্যকর্মীর সুপারামর্শ

আপনার শিশুর পোশাক বা ন্যাপি খুলে দিয়ে তাকে একটি উষ্ণ নিরাপদ জায়গায় রাখুন যাতে তাদের স্বকে বাতাস লাগতে পারে।

একটি ব্যারিয়ার ক্রিম ব্যবহার করুন। (পাশের থ্যাপেফার্মাসিষ্টের পরামর্শ দেখুন)।

তাদের ন্যাপি ঘনঘন পাল্টাতে এবং যাচাই করতে ভুলবেন না।